দৈনিক বাংলা

তারিখ 30 MAR 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# বিশৃংখলা কঠোর হাতে দমন করুন ঃ প্রভোস্ট কমিটি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটির এক জরুরী সভা রোববার আহ্বায়ক অধ্যাপক আবুল কালামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ২৮ মার্চ ও ২৯ মার্চ জহুরুল হক হলে পুলিশের তল্লাশীকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতি পর্যালোচনা করা হয়েছে।

সভায় উল্লেখ করা হয় যে, তল্লাশীকালে হল সংসদের সহ-সভাপতিকে দু'জন বহিরাগতের সঙ্গে গ্রেপ্তার করা হয়। আরও একজন ছাত্র গ্রেপ্তার হয়। এরপর বাংলাদেশ ছাত্র লীগের

(আটের পাতায় ৩-এর কঃ দ্রঃ)

## প্রভোস্ট কমিটি

(প্রথম পৃঃ পর)

(আওয়ামী লীগপন্থী) কতিপয় ছাত্র 'বিক্ষোভ' করে। তারা হল প্রভোস্টের বাসায় হামলা চালায় ও ভাংচুর করে। তারা প্রভোস্টের পরিবারের সদস্যদের প্রতি হুমকি দেয়। এমন কি তারা প্রভোস্টের পদত্যাগ ও বাসা ছেড়ে দেবার দাবী করে। একই সঙ্গে তারা আবাসিক টেলিফোন লাইন কেটে দেয়। বিশ্ববিদ্যালয় ক্লাবে হামলা করে। শিক্ষকদের আবাসিক এলাকায় ঢুকে এলোপাতাড়ি গুলি ছোড়ে। এক পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনেও হামলা চালায়। কতিপয় ছাত্র বিশ্ববিদ্যালয় ও হলের প্রশাসনিক কর্মকান্ড বন্ধ করে দেয়ার হুমকি দেয়। সভায় এর নিন্দা করা হয়েছে।

সভায় উল্লেখ করা হয় যে, ইতিপূর্বে বিভিন্ন মহলের ইচ্ছানুসারে ক্যাম্পাসে সন্ত্রাস দমনে বিনা অনুমতিতে আইন প্রয়োগকারীদের প্রবেশের অনুমতি দেয়া হয়। প্রকাশ্যেই অস্ত্রধারী ও বহিরাগতদের গ্রেপ্তার করা হয়েছে। এবারের ঘটনাও তারই একটি।

প্রভোস্ট কমিটি এর প্রেক্ষিতে বিশৃংখলা কঠোরভাবে দমনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানিয়েছে। প্রস্তাবে প্রভোস্টদের নিরাপত্তা নিশ্চিত করতে আইন প্রয়োগকারী কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।